দৈনিক ইত্তেফাক

তারিখ ... 15 OCT 1998 ...
পৃষ্ঠা ... ৪ কলাম ... ৭ ...

## মাদ্রাসা শিক্ষা বোর্ডঃ সময় উত্তীর্ণ হওয়ার চার মাস পরেও তদন্ত কমিটির রিপোর্ট জমা হয় নাই

১৯৯৭ সালের আলিম পরীক্ষায় বাগেরহাট জেলার রামপাল কেন্দ্রের উত্তরপত্র জালিয়াতির ব্যাপারে রেজাল্ট প্রকাশ হওয়ার পরে ঐ এলাকার কয়েকটি মাদ্রাসার অধ্যক্ষগণ বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের চেয়ারম্যানের নিকট এক অভিযোগ পেশ করেন। বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক এ অভিযোগের সত্যতা যাচাই করিয়া ১৩/৫/৯৮ তারিখে ৪ সদস্যবিশিষ্ট অনূর্ধ্ব ১৫ দিন সময় দিয়া এক তদন্ত কমিটি গঠন করেন। দুঃখের বিষয়, কমিটি নির্ধারিত সময়ে রিপোর্ট প্রদান না করিলেও পরীক্ষা নিয়ন্ত্রক এ ব্যাপারে কোন ব্যবস্থা নেন নাই। ফলে জালিয়াতির শিকার ছাত্ররা বর্তমানে চরম অনিশ্চিত অবস্থার মধ্যে নিপতিত হইয়াছে।

নির্ধারিত সময়ের পর সাড়ে চার মাস ইতিমধ্যে অতিবাহিত হইয়াছে। এখনও উক্ত তদন্ত কমিটি রিপোর্ট প্রদান করে নাই। অথচ আমরা জানিতে পারিয়াছি, ৩ মাস আগেই রিপোর্ট প্রস্তুত হইয়া গিয়াছে। পরীক্ষা নিয়ন্ত্রক নিজে কমিটির রিপোর্ট প্রদানের সময় বাঁধিয়া দিলেও তিনি এখন সেই রিপোর্টের ব্যাপারে উদাসীনতা দেখাইতেছেন কেন তাহা বোধগম্য নয়। ব্যাপারটি সংশ্লিষ্ট ছাত্রদের জন্য জীবন-মরণ সমস্যার ব্যাপার। ইতিমধ্যে এক বৎসর অতিবাহিত হইয়াছে। '৯৮ সালের রেজাল্টও প্রকাশ করা হইয়াছে। অথচ '৯৭ সালের ঐ কেন্দ্রের জালিয়াতির রহস্য উদঘাটনে পরীক্ষা নিয়ন্ত্রকের আগ্রহ পরিলক্ষিত হইতেছে না। এমতাবস্থায় আমরা বিষয়টির প্রতি মাননীয় শিক্ষামন্ত্রী ও মাদ্রাসা শিক্ষা বোর্ডের চেয়ারম্যানের দৃষ্টি আকর্ষণ করিতেছি।

মোঃ মফিজ আহমেদ,
মসজিদকুড়, কয়রা, খুলনা।